দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 AUGUST 2025 , WEDNESDAY | ৬ আগস্ট ২০২৫ , বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-355

## বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলা




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,৫ আগস্ট : রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মঙ্গলবার কোচবিহার আসেন দলের একটি কার্যক্রমে যোগ দিতে। এদিন তিনি বাগডোগরা বিমানবন্দরে নেমে গাড়িতে করে কোচবিহারে আসেন। কোচবিহারের খাগড়াবাড়িতে তার কনভয়ে হামলা হয়। হামলায় বিরোধী দলনেতার গাড়িসহ কনভয়ের আরও কয়েকটি গাড়ির কাঁচ ভেঙে যায়। শুভেন্দু অধিকারীর অভিযোগ তৃণমূল আশ্রিত গুন্ডারা ও রোহিঙ্গারা এই হামলা চালিয়েছে। জানা গেছে হামলাকারীরা তৃণমূলের।পতাকার পাশাপাশি কালো পতাকা দেখিয়ে শুভেন্দু গো ব্যাক স্লোগান দিচ্ছিলো। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন এদিন তাকে প্রানে মারার জন্য সুপরিকল্পিতভাবে তৃণমূল এই হামলা চালিয়েছে। তিনি কোচবিহার জেলা পুলিশ সুপারের সাথে দেখা করে হামলাকারীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। বিরোধী দলনেতার উপর হামলার ঘটনায় ব্যপক উত্তেজনা ছড়িয়েছে কোচবিহারে।

## শুভেন্দু অধিকারীর কনভয়ের উপর হামলার প্রতিবাদে রাজ্য জুড়ে বিজেপির পথ অবরোধ ও বিক্ষোভ



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ, আলিপুরদুয়ার, ৫ আগস্ট : মঙ্গলবার কোচবিহারের খাগড়াবাড়িতে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনা ঘটে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তার উপর প্রাণঘাতী হামলার ঘটনায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতি ও রোহিঙ্গাদের দিকে অভিযোগের আঙ্গুল তুলেছেন। বিরোধী দলনেতার উপর হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে বিজেপির রাজ্য সভাপতি রাজ্যের সর্বত্র পথ অবরোধ সহ বিক্ষোভ প্রদর্শনের জন্য বিজেপি কর্মী সমর্থকদের নির্দেশ পাঠান। এই নির্দেশ পেয়ে রাজ্যের বিভিন্ন স্থানে শুরু হয় পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন। আলিপুরদুয়ার জেলার বারোবিশা, আলিপুরদুয়ার সদর,কুমারগ্রাম,কামাখ্যাগুড়ি, ফালাকাটা, জটেশ্বর সহ বিভিন্ন এলাকায় বিজেপি কর্মী সমর্থকরা পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন। পথ অবরোধ ও বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে রাজ্যের বিভিন্ন এলাকা। কোথাও কোথাও রাস্তায় আগুন জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

## ন্যায় প্রতিষ্ঠার লড়াইয়ে সাধারণ মানুষকে সোচ্চার হতে হবে ,বার্তা নওশাদের



এই যুগ , মুর্শিদাবাদ ,৫ আগস্ট : সমাজে ন্যায় প্রতিষ্ঠার লড়াইয়ে সাধারণ মানুষকে সোচ্চার হতে হবে। নইলে অধিকার কেউ পাইয়ে দেবে না। আজ মুর্শিদাবাদের ধুলিয়ানে এক সুবিশাল অধিকার সমাবেশে একথা বললেন ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের চেয়ারম্যান তথা বিধায়ক নওশাদ সিদ্দিকী। এদিন তিনি বলেন, এই জেলার নানান রকম সমস্যা আছে। তাঁর অন্যতম গঙ্গা ভাঙন। সেই ভাঙন রোধে কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকার কোন ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করছে না। বরং এমন একটি ধারণা ছড়িয়ে দেও আ হয়েছে যে গঙ্গা ভাঙন রোধ করা যাবে না। এটা কি হতে পারে? ফারাক্কায় যদি গঙ্গার ওপর দিয়ে নতুন একটি সেতু হতে পারে, তাহলে নদী ভাঙন রোধ করা যাবে না কেন? এদিন তিনি এও বলেন , বিধানসভায় এই নিয়ে বারবার সোচ্চার হয়েছি। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে শাসকদলের বিধায়করা কোন উচ্চবাচ্য করেননি। এদিন এই প্রসঙ্গে নওশাদ স্থানীয় তৃণমূল সাংসদকেও তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকদের ওপর আক্রমণ হচ্ছে ভিন রাজ্যে। কিন্তু এই সাংসদ নীরব। সংসদে দাঁড়িয়ে এই নিয়ে কোন বক্তব্য তিনি দিতে পারেননি।সমাবেশে উপস্থিত ছিলেন আইএসএফের মুর্শিদাবাদ জেলা কমিটির সভাপতি হাবিব সেখ , রাজ্য কমিটির সদস্য আইনজীবী ওলিউল ইসলাম , আজমেরুল সেখ সহ জেলার বিভিন্ন বিধানসভার দলীয় পর্যবেক্ষকগণ। বিকেলে বিধায়ক নওশাদ সিদ্দিকী ফারাক্কার মুস্কিনগরে গঙ্গা নদী ভাঙন এলাকা পরিদর্শন করেন।

## ইন্দো নেপাল সীমান্তের খড়িবাড়িতে আটক বাংলাদেশী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৫ আগস্ট : ইন্দো নেপাল সীমান্তের খড়িবাড়ি থানার ছোট বজরাজোত এলাকা থেকে এক বাংলাদেশী নাগরিককে মঙ্গলবার আটক করে সশস্ত্র সীমা বলের জওয়ানরা। জানা গেছে আটক ব্যক্তির নাম পলাশ চন্দ্র রায়, সে বাংলাদেশের দিনাজপুর জেলার বাসিন্দা। ২০২৪ সালের অক্টোবর মাসে পলাশ ভারত বাংলাদেশ এর ফুলবাড়ি সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে ও খড়িবাড়ি থানার ছোট বজরাজোত গ্রামে তার কাকার বাড়িতে বসবাস করতে থাকে। সশস্ত্র সীমা বলের জওয়ানরা গোপন সুত্রে খবরের ভিত্তিতে তাকে আটক করে। তার হেফাজত থেকে উদ্ধার হয় ভারতীয় জাল আধার কার্ড ও বাংলাদেশের নাগরিক পরিচয়পত্র। আটক ব্যক্তিকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেয় সশস্ত্র সীমা বলের জওয়ানরা। খড়িবাড়ি থানার পুলিশ ধৃতকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে মঙ্গলবার শিলিগুড়ি আদালতে পাঠিয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# উদ্ধার পঁয়তাল্লিশ কেজি গাঁজা, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৫ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের জিয়াগঞ্জ থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার থানা এলাকার বিলকান্দি গ্রামে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় পঁয়তাল্লিশ কেজি গাঁজা। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠিয়েছে পুলিশ। পুলিশ সূত্রে জানানো হয় সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। পুলিশ এই গাঁজা কান্ডের অন্যান্য অভিযুক্তদের সন্ধানে তল্লাশী জারী রেখেছে।

# আলিপুরদুয়ারের ছাত্রীরা কলকাতায় গেলেন



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৫ আগস্ট : আগামী ১৫ ই আগস্টে স্বাধীনতা দিবসের দিনে কলকাতার রেড রোডে অংশগ্রহণ করতে নিউ আলিপুরদুয়ার স্টেশন থেকে পাড়ি দিল আলিপুরদুয়ার নিউ টাউন গার্লস হাই স্কুলের ৩১ জন ছাত্রী। এমনটাই জানা গেছে স্কুলের শিক্ষিকা দের কাছ থেকে মঙ্গলবার রাত সাতটা নাগাদ। এদিন স্কুলের ৩১ জন ছাত্রীর পাশাপাশি তিনজন শিক্ষিকা একজন শিক্ষা কর্মী তাদের সঙ্গে কলকাতা রওনা দিয়েছেন। জানা গেছে গত দু বছর আগে আলিপুরদুয়ার জেলা থেকে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে যোগ দিতে ছাত্রছাত্রীরা গিয়েছিলেন মাঝে এক বছর বাদ দিয়ে ফের আবার তারা রওনা দিলেন ১৫ ই আগস্ট কলকাতার রেড রোডে অনুষ্ঠানে যোগ দিতে।

# নিখোঁজ যুবতীর সন্ধানে স্নিফার ডগ নামানো হয়েছে



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৫ আগস্ট : ছত্রিশ ঘন্টা পেরিয়ে গেলেও আলিপুরদুয়ার অরবিন্দ নগর এলাকার যুবতীর সন্ধান পাওয়া যায়নি। মঙ্গলবার যুবতীর সন্ধানের আশায় বনদপ্তরের স্নিফার ডগ কে নিয়ে আসা হয়েছে ডিমা নদীর পাড়ে। আলিপুরদুয়ার অরবিন্দ নগর এলাকা থেকে নিখোঁজ যুবতীকে খোঁজার জন্য স্নিফার ডগ নামানো হয়েছে প্রশাসনের পক্ষ থেকে  মঙ্গলবার বিকেলে। সোমবার সকাল ১০ টা থেকে নিখোঁজ রয়েছেন আলিপুরদুয়ার অরবিন্দ নগরের যুবতী অনুশীলা তালুকদার। সোমবার সিভিল ডিফেন্সের পক্ষ থেকে ডিমা নদীতে তল্লাশি চালানো হয়েছে। নদীর তীরে তার চটি জুতা উদ্ধার হয়েছে জানিয়েছেন তার বাবা কিন্তু তার কোন হদিশ পাওয়া যাচ্ছিল না। এদিন  পুলিশ সহ প্রশাসনিক কর্তাদের তৎপরতায় স্নিফার ডগ দিয়ে তল্লাশি চালানো হলো নদী সংলগ্ন এলাকায়। তবে ওই যুবতী আদৌ নদীতে পড়েছে কিনা তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে।



# বামনি নদীর ব্যাপক ভাঙ্গন শুরু হয়েছে



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৫ আগস্ট : বৃষ্টি শুরু হতেই বামনী নদীর পাড় ভাঙ্গন শুরু হয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের যশোডাঙ্গা এলাকায় এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে মঙ্গলবার বিকেল চারটা নাগাদ। ইতিমধ্যেই নদীগর্ভে চলে গেছে গাছ বাগান। বেশ কিছু চাষের জমি নদী গর্ভে চলে গেছে। এলাকার কৃষকরা আতঙ্কিত হয়ে পড়েছেন নদী ভাঙ্গন শুরু হওয়ায়। যদিও বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি ছিল নদী ভাঙ্গন রোধ করার জন্য ওই এলাকায় একটি পাথরের বাঁধ নির্মাণ করার। কিন্তু প্রশাসনিক মহল থেকে শুরু করে আর রাজনৈতিক নেতৃত্বরা বিষয়টি নিয়ে হস্তক্ষেপ না করায় কপালে ভাঁজ পড়েছে কৃষকদের।

# সৌরশক্তি চালিত ঝুলন্ত ফেন্সিং লাইনে সাফল্য বনদপ্তরের



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৫ আগস্ট : পানবাড়িতে সৌরশক্তি চালিত ঝুলন্ত ফেন্সিং তৈরি করে সাফল্য লাভ করেছে বনদপ্তরের কর্মকর্তারা এমনটাই জানা গেছে বন কর্তাদের কাছ থেকে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। পানবাড়ি মডেলে সাফল্য লাভ করার পরেই এবার বক্সার বিভিন্ন জঙ্গলে এই সৌর চালিত ঝুলন্ত ফেন্সিং লাইন তৈরি করা হবে হাতি আটকাতে । এমনটাই জানা গেছে কর্মকর্তাদের কাছ থেকে। বক্সার জঙ্গল থেকে হাতি বের হয়ে লোকালয়ে ঢুকে ক্ষতি করছে কৃষক থেকে শুরু করে সাধারণ বাসিন্দাদের। সাউথ রায়ডাক রেঞ্জের ছিপড়া এলাকায় কুড়ি লক্ষ টাকা ব্যয় করে ৮ কিলোমিটার ফ্যান্সিং লাইনের ব্যবস্থা করা হয়েছিল। বর্তমান সময়ে তার কোন চিহ্ন নেই। পানবাড়ি জঙ্গলে হাতি আটকাতে ঝুলন্ত ফ্যানসিং লাইনের পরিকল্পনার পর তা বাস্তবায়িত হয়েছে। মাস ছয়েক আগে এই সৌর চালিত ঝুলন্ত ফেন্সিং লাইন চালু হওয়ার পর ক্ষয়ক্ষতির পরিমাণ অনেকটাই কমে গেছে হাতি জঙ্গল থেকে বের হতে না পারায়। তাছাড়া ফেন্সিং লাইন অটুট রয়েছে এখনো পর্যন্ত। পানবাড়ি মডেলের পরেই বক্সার রাজাভাতখাওয়া জঙ্গলেও শুরু হয়েছে এই সৌরচালিত ঝুলন্ত ফ্যানসিং লাইন তৈরি করার কাজ।

EI YUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK
For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |